



স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.০৫.০৪.২০২০-১৮ ৯

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৭
০২ জুলাই ২০২০


বিষয়: উদ্ভাবনী ধারণার (Innovation Idea) প্রস্তাব প্রেরণ।

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ মোতাবেক

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী উদ্ভাবন চর্চার বিষয়টিকে প্রাতিষ্ঠানিক রূপদানের লক্ষ্যে ২০১৬ সাল থেকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং এর আওতাধীন মাঠ পর্যায়ে প্রতিষ্ঠান/ বিদ্যালয় পর্যায়ে বিভিন্ন উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় চলতি অর্থবছরে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক ব্যাপক সংখ্যক উদ্ভাবনী ধারণা সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ধারণাসমূহ যাচাই বাছাই করে বাস্তবায়ন এবং পরবর্তীতে আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে শোকেসিং করা হবে। শোকেসিং এ নির্বাচিত ধারণাগুলোকে জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে রেপ্লিকেশন এবং উদ্ভাবকগণকে প্রনোদনা/ পুরস্কার/ সনদ প্রদান করা হবে।

২। এমতাবস্থায়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তা/ কর্মচারী শিক্ষকগণের নিকট থেকে আগামী ১০ আগস্ট, ২০২০ তারিখ এর মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে সংযুক্ত লিংক “আইডিয়া বক্স” (nizum.org/ideabox.php) এ লগইন করে উদ্ভাবনী ধারণা দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য যে, উদ্ভাবনী ধারণা প্রদানের ক্ষেত্রে করোনা পরিস্থিতিতে নিরাপদে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা, সর্বাধিক প্রান্তিক শিক্ষার্থীদের অন্তর্ভুক্তিকরণ, বিদ্যালয় বন্ধ থাকার ফলে পড়াশোনায় বিঘ্ন ঘটবে এবং শিক্ষাক্ষেত্রে পিছিয়ে পড়া শিশুদের নিরাময়মূলক পাঠদান পদ্ধতি প্রয়োগ এবং শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য ও মনোসামাজিক চাহিদা পূরণ ইত্যাদি ক্ষেত্রে বিবেচনায় নিতে অনুরোধ করা হলো।



(মো: মিজানুর রহমান)

পরিচালক (প্রশাসন) ও ইনোভেশন অফিসার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

innovationcell@dpe.gov.bd

স্মারক নং: ৩৮.০১.০০০০.১০৭.০৫.০৪.২০২০-১৮ (২০০০)

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৭
০২ জুলাই ২০২০

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

- ১। অতিরিক্ত সচিব, চীফ ইনোভেশন অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক / অতিরিক্ত মহাপরিচালক পিইডিপি ৪, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর ২, ঢাকা ১২১৬।
- ৩। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর ২, ঢাকা ১২১৬।
- ৪। বিভাগীয় উপপরিচালক (সকল)/ উপপরিচালক (সকল)/ সিনিয়র সিস্টেম এনালিস্ট প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৫। সহকারী পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর ২, ঢাকা ১২১৬।
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ সুপারিনটেনডেন্ট পিটিআই (সকল), (তাঁর আওতাধীন কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষকবৃন্দকে অবহিত ও কার্যকরী পদক্ষেপ গ্রহণের অনুরোধ সহ)।
- ৭। শিক্ষা অফিসার/ রিসার্চ অফিসার/ হিসাব রক্ষণ কর্মকর্তা/ সহকারী শিক্ষা অফিসার/সহকারী হিসাব রক্ষণকর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর ২, ঢাকা ১২১৬।
- ৮। ইনোভেশন টিমের সদস্য (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর ২, ঢাকা ১২১৬।
- ৯। ইন্সট্রাক্টর (সকল), ইউআরসি/টিআরসি।
- ১০। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।
- ১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর ২, ঢাকা ১২১৬।
- ১২। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর ২, ঢাকা ১২১৬।
- ১৩। সংরক্ষণ কপি।




মো: দেলোয়ার হোসেন
উপপরিচালক (সংস্থাপন)